বাংলাদেশ নৌবাহিনী

২০২৩বি অফিসার ক্যাডেট ব্যাচ

জাহাজের ক্যাপ্টেন, এয়ারক্রাফট পাইলট
নৌকমান্ডো ও সাবমেরিনার হতে
যোগ দিন
বাংলাদেশ নৌবাহিনীতে

উপযুক্ততা

১। বয়স। ০১ জুলাই ২০২৩ তারিখে ১৬ ½ বছর হতে ২১ বছর (সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ২৩ বছর) এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। শারীরিক মান (ন্যূনতম)।

	পুরুষ	মহিলা
ক। উচ্চতা	: ১৬২.৫ সেঃ মিঃ (৫′-৪″)	১৫৭.৪৮ সেঃ মিঃ (৫′-২″)
খ। ওজন*	: ৫০ কেজি	৪৭ কেজি
গ। বুকের মাপ	: স্বাভাবিক ৭৬ সেঃ মিঃ (৩০″)	স্বাভাবিক ৭১ সেঃ মিঃ (২৮″)
	: সম্প্রসারিত ৮১ সেঃ মিঃ (৩২″)	সম্প্রসারিত ৭৬ সেঃ মিঃ (৩০″)

* (উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্রবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে)

৩। শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।

ক। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় (বিজ্ঞান বিভাগে) ন্যূনতম জিপিএ ৪.৫০ পেয়ে উত্তীর্ণ। উভয় পরীক্ষায় গণিত ও পদার্থবিজ্ঞান বিষয় অবশ্যই অন্তর্ভূক্ত থাকতে হবে।

অথবা, ইংরেজি মাধ্যমের প্রার্থীগণের জন্য 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৩টিতে A গ্রেড, ৩টিতে B গ্রেড থাকতে হবে এবং 'এ' লেভেলের জন্য ন্যূনতম ২টি বিষয়ে B গ্রেড পেয়ে উত্তীর্ণ। উভয় পরীক্ষায় গণিত ও পদার্থবিজ্ঞান বিষয় অবশ্যই অন্তর্ভূক্ত থাকতে হবে।

খ। সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় (বিজ্ঞান বিভাগে) ন্যূনতম জিপিএ ৪.৫০ পেয়ে উত্তীর্ণ। উভয় পরীক্ষায় গণিত ও পদার্থবিজ্ঞান বিষয় অবশ্যই অন্তর্ভূক্ত থাকতে হবে।

২০২২ সালের এইচএসসি/সমমান পরীক্ষার্থীগণও আবেদন করতে পারবেন।

৪। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিত।

৫। জাতীয়তা ঃ শুধুমাত্র বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিক।

অযোগ্যতা

৬। সেনা, নৌ ও বিমান বাহিনী অথবা যে কোন সরকারি চাকুরি হতে বরখাস্ত কিংবা অপসারিত হলে।

৭। আইএসএসবি কর্তৃক দুইবার স্ক্রিন্ড আউট/ প্রত্যাখ্যাত হলে।

৮। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হলে।

৯। যে কোন বিচারালয় হতে দন্ডপ্রাপ্ত হলে।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং এক নামে একাধিক আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

মনোনয়ন পদ্ধতি

১১। প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, প্রাথমিক সাক্ষাৎকার ও লিখিত পরীক্ষার তারিখ ও বিষয়সমূহ।

পরীক্ষার কেন্দ্র	প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকারের তারিখ	লিখিত পরীক্ষার তারিখ ও বিষয়সমূহ
নৌবাহিনী কলেজ ঢাকা, মিরপুর-১৪, ঢাকা	১০, ১১, ১২, ১৩, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯ অক্টোবর ২০২২ (পুরুষ প্রার্থী)। ২০ অক্টোরবর ২০২২ (মহিলা প্রার্থী)	২১ অক্টোবর ২০২২ (বুদ্ধিমত্তা, ইংরেজি ও সাধারণজ্ঞান)
নৌবাহিনী স্কুল ও কলেজ, বন্দর, চট্টগ্রাম	১৮, ১৯ অক্টোবর ২০২২ (পুরুষ প্রার্থী) ২০ অক্টোবর ২০২২ (মহিলা প্রার্থী)	
নৌবাহিনী স্কুল ও কলেজ, বয়রা, খুলনা		

১২। আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি), ঢাকা সেনানিবাস, ঢাকায় অনুষ্ঠিত হবে।

১৩। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা। আইএসএসবি পরীক্ষা চলাকালীন প্রার্থীগণকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪। চূড়ান্ত মনোনয়ন পর্ষদ। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত প্রার্থীগণের নৌসদর কর্তৃক চূড়ান্ত মনোনয়ন পর্ষদ কার্যক্রম জুন ২০২৩ এর মধ্যে অনুষ্ঠিত হবে।

১৫। নেভাল একাডেমিতে যোগদান। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণ জুন ২০২৩ এর তৃতীয় সপ্তাহে বাংলাদেশ নেভাল একাডেমি, পতেঙ্গা, চট্টগ্রামে অফিসার ক্যাডেট হিসেবে যোগদান করবেন।

প্রশিক্ষণ/কমিশন

১৬। বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ১০ সপ্তাহের প্রশিক্ষণসহ বাংলাদেশ নেভাল একাডেমিতে অফিসার ক্যাডেট হিসেবে ১৮ মাস এবং মিডশিপম্যান হিসেবে ১৮ মাসসহ মোট ০৩ বছর মেয়াদী আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ শেষে বাংলাদেশ নৌবাহিনীতে 'সাব লেফটেন্যান্ট' পদে নিয়মিত কমিশন প্রদান করা হবে। নেভাল একাডেমিতে পেশাগত প্রশিক্ষণের পাশাপাশি এক্সিকিউটিভ শাখার ক্যাডেটদের মেরিটাইম সায়েন্স বিষয়ে বিএসসি (অনার্স) এবং সাপ্লাই শাখার ক্যাডেটদের বিবিএ ডিগ্রি প্রদান করা হবে। ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল শাখার ক্যাডেটদের BUET/MIST হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রদান করা হবে।

বেতন ও ভাতা

১৭। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেটগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন। পরবর্তীতে মিডশিপম্যান হিসেবে পদোন্নতির পর উচ্চতর স্কেলে বেতন প্রাপ্ত হবেন।

অন্যান্য বিশেষত্ব

১৮। ক্যারিয়ার। বৈচিত্র্যময় ও রোমাঞ্চকর একমাত্র নেভাল ক্যারিয়ারেই রয়েছে সি (আধুনিক যুদ্ধজাহাজ ও সাবমেরিন), এয়ার (নেভাল এভিয়েশান) এবং ল্যান্ড (নেভাল স্পেশাল ফোর্স/ নৌ কমান্ডো) এ তিনটি মাধ্যমেই চাকুরির সুযোগ।

১৯। বিদেশে প্রশিক্ষণ। প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণের প্রশিক্ষণের জন্য বিদেশ গমনের সুযোগ।

২০। উচ্চতর প্রশিক্ষণ সুবিধা। দেশে-বিদেশে সরকারি খরচে বিভিন্ন ক্যাটাগরিতে উচ্চতর প্রশিক্ষণের (এমএসসি, এমবিএ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, এমএস ইত্যাদি) সুযোগ।

২১। জাতিসংঘ মিশন। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণ ও আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ।

২২। বাসস্থান। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তির সুযোগ।

২৩। চিকিৎসা। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

বিশেষ দ্রষ্টব্য

শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

আবেদন ফরম সংগ্রহ ও পূরণ

২৪। অনলাইন আবেদন পদ্ধতি।

আবেদনকারী প্রার্থীগণকে www.joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর বাম পার্শ্বে APPLY NOW এ ক্লিক করে আবেদন পদ্ধতি অনুসরণ করতে হবে। আবেদনের শেষ পর্যায়ে অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করা যাবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমন- VISA, Master Card ও American Express) এবং মোবাইল ব্যাংকিং (যেমন- বিকাশ, রকেট, t-cash, নগদ, শিওরক্যাশ, এমক্যাশ, মাইক্যাশ, ওয়ানক্যাশ, ইজিক্যাশ, কিউক্যাশ, নেক্সাস, এ্যামেক্স) ইত্যাদির মাধ্যমে চার্জ ব্যতিত ৭০০/- (সাতশত) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সাথে সাথেই প্রার্থীকে প্রাথমিক সাক্ষাৎকারের জন্য কল-আপ লেটার, Form Commission-1A (পূরণকৃত আবেদন ফর্ম) এবং Personal Information Form ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে প্রাথমিক সাক্ষাৎকারের সময় কল-আপ লেটারে বর্ণিত অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ সঙ্গে আনতে হবে। যদি কোন প্রার্থী উক্ত কল-আপ লেটার ও Form ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে আবেদনকারীর মোবাইল নাম্বারে প্রদত্ত রোল ও Tracking নাম্বার দিয়ে ওয়েবসাইটে পুনরায় Sign In করে আবেদপত্রটি ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

বিশেষ নির্দেশাবলী

২৫। নিম্নের পর্যায়ভুক্ত প্রার্থীগণ সরাসরি আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকারে অংশগ্রহণ করবেন ঃ

ক। ক্যাডেট কলেজসমূহ (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্যাডেট)।

খ। মিলিটারি কলেজিয়েট স্কুল, খুলনা, বিএনসিসি, নৌ রোভার, নেভী এ্যাংকরেজ স্কুল এন্ড কলেজ এবং বিএন কলেজসমূহের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ প্রাপ্ত প্রার্থীগণ যারা প্রচলিত নিয়ম মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সুপারিশকৃত হবেন।

গ। ন্যাশনাল কারিকুলাম (বাংলা/ইংরেজি) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ (সকল বিষয়ে A+) প্রাপ্ত প্রার্থীগণ নৌবাহিনী কর্তৃক প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকারে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে।

ঘ। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৪টিতে A গ্রেড ও ২টিতে B গ্রেড এবং 'এ' লেভেলে ন্যূনতম ১টিতে A গ্রেড ও অন্যগুলোতে B গ্রেড (উভয় পরীক্ষায় পদার্থবিজ্ঞান ও গণিতসহ) প্রাপ্ত প্রার্থীগণ বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকারে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে।

২৬। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্যাডেট নির্বাচনের জন্য সকল শর্ত পূরণ সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

২৭। আইএসএসবি ব্যতীত অন্যান্য পরীক্ষার জন্য দৈনিক/ ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

২৮। চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

২৯। সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীগণকে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

৩০। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন/চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদান পত্র প্রদান/বাতিলের ক্ষমতা নৌসদর সংরক্ষণ করে।

৩১। কোভিড ১৯ পরিস্থিতি বিবেচনায় পরীক্ষার সময়সীমা পরিবর্তিত হতে পারে।

পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুনঃ
ফোন ঃ ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫
হেল্প লাইন ঃ ০১৭৬৯৭০২২১৫ (সকাল ৮.০০ - রাত ৮.০০ ঘটিকা)

আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর ২০২২

বাংলাদেশ নৌবাহিনীতে যোগ দিতে ভিজিট করুন ঃ www.joinnavy.navy.mil.bd